

প্রতিদিন অন্ততঃ একবার বাকাশিবোর  
ওয়েবসাইট [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)  
ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ  
এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
Website : [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০৩.১৭.৫৭

তারিখ : ৩০-১১-২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৮ সনের এইচএসসি (বিএম)/এইচএসসি (ভোক)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষের পাঠদানকারী শিক্ষকগণের  
তালিকা অনলাইনে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের অধীন এইচএসসি (বিএম)/ এইচএসসি (ভোক)/ ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত সকল প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, ২০১৮ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম)/ এইচএসসি (ভোক)/ ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষের উত্তরপত্র মূল্যায়ন/ নিরীক্ষন করতে ইচ্ছুক এরূপ পাঠদানকারী সকল প্রভাষক/ সহকারি অধ্যাপক/ উপাধ্যক্ষ/ অধ্যক্ষ পদমর্যাদাধারী শিক্ষকগণের প্রয়োজনীয় তথ্যাবলী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) এর প্রদর্শিত তথ্য ছক মোতাবেক পূরণ করে আগামী ৩১-০১-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে মাধ্যমে অনলাইনে প্রেরণ এবং তার প্রিন্টকৃত কপি, এমপিও ভুক্ত শিক্ষকদের ক্ষেত্রে এমপিও শিটের ফটোকপি, নন-এমপিও শিক্ষকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে প্রদত্ত নিয়োগপত্রের ফটোকপি অধ্যক্ষের সিল সহ স্বাক্ষর নিয়ে ফরম পূরণের হার্ড কপি জমা দেয়ার সময় অবশ্যই তা বোর্ডের বিএম শাখায় জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। কোন শিক্ষক তাঁর নিজ প্রতিষ্ঠান থেকে তাঁর তথ্যাবলী একাধিকবার অথবা একের অধিক প্রতিষ্ঠান হতে বোর্ডের ওয়েবসাইটে প্রেরণ করতে পারবেন না।

উল্লেখ্য যে, কোন শিক্ষক বর্তমানে কর্মরত না থাকলে অথবা ভুল তথ্য দিয়ে খাতা মূল্যায়ন করতে চাইলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯১১৩২৮৩

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০৩.১৭.৫৭(৬)

তারিখ : ৩০-১১-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল :

- ১-৩। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
- ৬। সংশ্লিষ্ট নথি।

  
৩০/১১/২০১৭

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-৯১৩৩৪৬৫

